



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৭.২০১৬, ৬২৮

তারিখ: ১৬/০৯/২০২১ খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আসাদুজ্জামান-১৬৬০৬, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা আপনি বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা। আপনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিন বছর মেয়াদি ডিগ্রি (পাস) দ্বিতীয় বর্ষের 'বাংলাদেশের সরকার ও রাজনীতি' (রাষ্ট্রবিজ্ঞান তৃতীয় পত্র) ব্যতিক্রম পাবলিকেশন্স-এর একটি গাইড বইয়ের লেখক। উক্ত বইয়ের চতুর্থ প্রকাশ, সেপ্টেম্বর-২০১৯ এর ৩৯৮ পৃষ্ঠায় স্বাধীনতা পরবর্তী রাজনৈতিক শাসনামল নিয়ে শিক্ষার্থীদের নিকট ভুল তথ্য উপস্থাপন করেছেন যা চরম ইতিহাস বিকৃতি। উক্ত লেখায় জাতির পিতা ও আমাদের স্বাধীনতা পরবর্তী ইতিহাসকে বিকৃতভাবে উপস্থাপন করেছেন যা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর ২৩ (১) ধারার পরিপন্থি। আপনার গৃহীত কর্মকাল্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর ২ (খ), ২ (উ) মোতাবেক অসদাচরণও বটে।

এমতাবস্থায়, সরকারি কর্মকর্তা হয়ে বর্ণিত গাইড বই-এ ইতিহাস বিকৃত করার অভিযোগে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।


(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৪২

জনাব মোঃ আসাদুজ্জামান-১৬৬০৬,
সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান),
সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) অধ্যক্ষ, সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা;
- ৪) উপপরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬) সংরক্ষণ নথি।